# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
## আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০৫.২৩.১৪৬

তারিখ: ১৭ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ
০১ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**বিজ্ঞপ্তি**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং** শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্বে অধ্যয়নরত পুনঃভর্তির প্রয়োজন এমন শিক্ষার্থীদের আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণপূর্বক সংশ্লিষ্ট প্রবিধানের পুনঃভর্তির সাধারন নীতিমালার আলোকে যাচাই-বাছাই করে আগামী **১৪-২৮ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ** তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানে **Login** করে বোর্ডের ওয়েবসাইটে **"অনলাইন তথ্য প্রেরণ/গ্রহণ"** ব্লকের **"ডিপ্লোমা পর্যায়"** প্রবেশ করে **"Diploma Re-admission Data Entry link"** অনলাইনে তথ্যাদি প্রেরণ করতে হবে এবং অনলাইনে প্রেরিত তথ্যের অনলাইন প্রিন্ট আউট কপি, প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত ফরওয়াডিং ও বোর্ড নির্ধারিত ফি জমাদানের ব্যাংক ড্রাফটসহ প্রয়োজনীয় কাগজপত্র আগামী **২৯ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ থেকে ০৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ** তারিখের মধ্যে বোর্ডে জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**পুনঃভর্তি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক (১)**

| পূনঃভর্তিচ্ছু শিক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানে আবেদনের তারিখ | প্রতিষ্ঠান কর্তৃক বোর্ডে অনলাইনে তথ্য প্রেরণের তারিখ | পূনঃভর্তি ফি বাবদ সমুদয় টাকার ব্যাংক ড্রাফটসহ প্রয়োজনীয় কাগজপত্র বোর্ডে জমাদানের তারিখ |
|---|---|---|
| ০৯-২১ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ | ১৪-২৮ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ | ২৯ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ থেকে ০৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ |

**পুনঃভর্তি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক (২)**

| প্রতিষ্ঠান কোড ও নাম: | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রতিষ্ঠানের ই-মেইল ঠিকানা: | | | | প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর: | | | | |
| ক্রম | শিক্ষার্থীর নাম | টেকনোলজি | রোল নং | রেজিস্ট্রেশন নং | শিফট | পর্ব | সেশন | ভর্তিকৃত প্রবিধান (২০১৬/২০২২) |
| | | | | | | | | |

**পুনঃভর্তির সাধারণ নিয়মাবলীঃ**

১। ১ম পর্বের শিক্ষার্থীদের আবশ্যিকভাবে প্রবিধান-২০২২ অনুসরণ করতে হবে এবং ৩য়, ৫ম ও ৭ম পর্বের শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রবিধান-২০১৬ ও প্রবিধান-২০২২ যার ক্ষেত্রে যেটি প্রযোজ্য সেই প্রবিধান অনুসরণ করতে হবে

২। প্রবিধান-২০১৬ এর অধীনে অধ্যয়নরত ৩য় পর্বের শিক্ষার্থীদের এবারই শেষবারের মত পুনঃভর্তি করানো যাবে এবং প্রবিধান-২০১০ এর অধীনে অধ্যয়নরত কোন শিক্ষার্থীর পুনঃভর্তি হবে না;

৩। প্রতিষ্ঠানে পূনঃভর্তির আবেদন প্রাপ্তির পর আবেদন সংশ্লিষ্ট প্রবিধানের আলোকে যাচাই-বাছাই করে পুনঃভর্তিচ্ছু শিক্ষার্থীদের পূনঃভর্তি ফি বাবদ শিক্ষার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে মোট টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকুলে ব্যাংক ড্রাফট করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত পদ্ধতি অনুসরনপূর্বক Online-এ প্রেরণ এবং Online-এ প্রেরিত তথ্যের প্রিন্ট আউট বোর্ড নির্ধারিত ফি (ব্যাংক ড্রাফট) জমা দিতে হবে;

৪। পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের নির্ধারিত ছক আকারে তথ্যাদি পূরণসহ আবেদনের সাথে রেজিষ্ট্রেশন কার্ড এবং সর্বশেষ পর্বের প্রবেশপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি, সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্ত করে সমূদয় টাকার ব্যাংক ড্রাফটসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র আগামী **২৯ জানুয়ারি, ২০২৪**

খ্রিঃ থেকে ০৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, মোট পুনঃভর্তিকৃত শিক্ষার্থীর সমুদয় টাকার একটি মাত্র ব্যাংক ড্রাফট করতে হবে।

৫। Online-এ প্রেরিত হলেও শিক্ষার্থীর পূনঃভর্তির প্রয়োজন না হলে তা বাতিল বলে গণ্য হবে

- **বোর্ড নির্ধারিত তারিখের পরে পুন:ভর্তির কোন আবেদন সুপারিশ করে বোর্ডে প্রেরণ না করার জন্য সকল অধ্যক্ষ মহোদয়কে অনুরোধ করা হলো।**

২.১.২৪

(প্রকৌশলী মোঃ রকিব উল্লাহ)
পরিচালক (কারিকুলাম)
ফোন নং-০২-৫৫০০৬৫২৩

**অধ্যক্ষ/পরিচালক**
**ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং পর্যায়ের সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান।**

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০৫.২৩.১৪৬

তারিখ: ১৭ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ
০১ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
৪। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষন ব্যুরো, ঢাকা।
৫-৮। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৯। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১। চেয়ারম্যান মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২। অফিস নথি।

০১/০১/২৪

(রূপক কান্তি বিশ্বাস)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
ফোনঃ ০২৫৫০০৬৫৪০